গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
দাকোপ, খুলনা

এবং

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
জেলা প্রাণিসম্পদ দপ্তর, খুলনা
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩ – ৩০ জুন, ২০২৪

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০১ |
| প্রস্তাবনা | ০২ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ০৩ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব | ০৪ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ০৫-০৮ |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | ০৯ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১১-১২ |
| সংযোজনী ৩: অন্যান্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদক সূচকসমূহ | ১৩ |

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর ) প্রধান অর্জনসমূহ (২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২০২৩ অর্থ বছর):

বাংলাদেশ এলডিসি পর্যায়ে উত্তরনের প্রেক্ষাপটে এবং ক্রমবর্ধিষ্ণু জনসংখ্যার প্রাণীজ আমিষের (দুধ, ডিম ও মাংস) চাহিদা মেটাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ, সম্প্রসারণ ও জাত উন্নয়ন ক্ষেত্রে দাকোপ উপজেলায় প্রাণিসম্পদের অভাবনীয় অগ্রগতি সাধিত হয়েছে।

সাম্প্রতিক অর্থবছরসমূহে গবাদিপশুর জাত উন্নয়নে যথাক্রমে ২৩৮০ টি, ৩১৮০ টি ও ৫১৫০ টি প্রজননক্ষম গাভী/বকনাকে কৃত্রিম প্রজননের আওতায় আনা হয়েছে। উৎপাদিত সংকর জাতের বাছুরের সংখ্যা যথাক্রমে ১২৭৫ টি, ১৪৭৫ টি ও ১৪৯৪ টি।

বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ ও সম্প্রসারণে যথাক্রমে ৪.২৯৩২৫, ৪.৭৯৯০ ও ৬.৮২ লক্ষ গবাদিপশু-পাখিকে টিকা প্রদান করা হয়েছে এবং যথাক্রমে ১.৭৬৮৮১, ১.২৮৪২৭ ও ২.৫৪২২৫ লক্ষ গবাদিপশু-পাখিকে চিকিৎসা প্রদান করা হয়েছে।

খামারির সক্ষমতা বৃদ্ধি, খামার ব্যবস্থাপনার উন্নয়ন ও খামার সম্প্রসারণে যথাক্রমে ৬০০, ৫৩০ ও ১৩৮০ জন খামারিকে প্রশিক্ষণ প্রদানসহ যথাক্রমে ৪০, ৪২ ও ৪৯ টি উঠান বৈঠক পরিচালনা করা হয়েছে।

নিরাপদ ও মানসম্মত প্রাণীজ আমিষ উৎপাদনে যথাক্রমে ১৭৬, ১৩০ ও ২৫৩ টি খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন ২৫, ২৫ ও ৫১ জন মাংস প্রক্রিয়াজাতকারী (কসাই) প্রশিক্ষণ এবং ০১, ০১ ও ০১ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, আবির্ভাবযোগ্য রোগ প্রাদুর্ভাব, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, লাগসই প্রযুক্তির ঘাটতি, প্রণোদনামূলক ও মূল্য সংযোজনকারী উদ্যেগের ঘাটতি, উৎপাদন সামগ্রীর উচ্চমূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, খামারির সচেতনতা ও ব্যবস্থাপনাগত জ্ঞানের ঘাটতি, সীমিত জনবল ও বাজেট বরাদ্দ প্রাপ্তি প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বাজার ব্যবস্থার সংযোগ জোরদারকরণ, পণ্যের বহুমুখীকরণ, নিরাপদ ও মানসম্মত উৎপাদন ব্যবস্থার প্রচলন করা হবে। গবাদিপশু-পাখির রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার আধুনিকীকরণ করা হবে। দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধিতে কৃত্রিম প্রজনন প্রযুক্তির সম্প্রসারণ অব্যাহত রাখা হবে। প্রাণিপুষ্টি উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তির প্রসার, টিএমআর প্রযুক্তির প্রচলন, ঘাসের বাজার সম্প্রসারণ ও পশুখাদ্যের মান নিশ্চিতকরণে নমুণা পরীক্ষা কার্যক্রম জোরদার করা হবে। খামারির সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ ও উঠান বৈঠক কার্যক্রম জোরদারসহ প্রাণিসম্পদ সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালার অনুসরণে মোবাইল কোর্টের আওতা বৃদ্ধি করা হবে।

২০২৩-২০২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- গবাদিপশুর জাত উন্নয়নে ৬০০০ টি প্রজননক্ষম গাভী/বকনাকে কৃত্রিম প্রজননের আওতায় আনয়ন এবং ১৬০০ টি সংকর জাতের অধিক উৎপাদনশীল বাছুর উৎপাদন করা।
- গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধে ৭০০০০০ মাত্রা টিকা প্রয়োগের মাধ্যমে ভ্যাকসিনেশন কার্যক্রমের সম্প্রসারণ ঘটানো হবে ও নজরদারি ব্যবস্থা জোরদারে ২৪ টি ডিজিজ সার্ভিলেন্স পরিচালনা করা হবে। রোগ প্রতিকারে ৩০০০০ গবাদিপশু ও ১৩০০০০ পোল্ট্রিকে উন্নত চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- খামারির সক্ষমতা বৃদ্ধি, খামার ব্যবস্থাপনার উন্নয়ন ও খামার সম্প্রসারণে ৬০০ জন খামারিকে প্রশিক্ষণ প্রদান ও ৫২ টি উঠান বৈঠক পরিচালনা করা হবে।
- নিরাপদ ও মানসম্মত প্রাণীজ আমিষ উৎপাদনে ১২০ টি খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন, ৩০ জন মাংস প্রক্রিয়াজাতকারী (কসাই) প্রশিক্ষণ এবং ০১ টি মোবাইল কোর্ট বাস্তবায়ন করা হবে।

# প্রস্তাবনা

পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
দাকোপ, খুলনা

এবং

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
জেলা প্রাণিসম্পদ দপ্তর, খুলনা

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২১ (একুশ) তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, দাকোপ, খুলনা এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

সকলের জন্য পর্যাপ্ত, নিরাপদ ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণ

১.২ অভিলক্ষ্য (Mission)

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণীজ আমিষের চাহিদা পূরণ

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দাপ্তরিক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. গবাদিপশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ
৩. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি
৪. নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা

১.৩.২ সুশাসন ও সংস্করমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

- শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন
- ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন
- তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন
- অভিযোগ প্রতিকার কর্মপকিল্পনা বাস্তবায়ন
- সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. দুধ, মাংস ও ডিমের উৎপাদন বৃদ্ধি

২. গবাদিপশু-পাখি ও পোষা প্রাণীর চিকিৎসা প্রদান

৩. টিকা প্রদান, ডিজিজ সার্ভিলেন্স, নমুনা পরীক্ষার ব্যবস্থা গ্রহণ ও ফ্রি ভেটেরিনারি ক্যাম্প পরিচালনার মাধ্যমে রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ

৪. জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন প্রযুক্তি সম্প্রসারণ এবং সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ

৫. গবাদিপশুর পুষ্টি উন্নয়নে স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ

৬. প্রাণিসম্পদের সম্প্রসারণ ও খামার ব্যবস্থাপনার উন্নয়নে উঠান বৈঠক আয়োজন ও প্রশিক্ষণ প্রদান

৭. মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ, খামার/ ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন, বাণিজ্যিক খামার রেজিস্ট্রেশন ও নবায়ন এবং মোবাইল কোর্ট বাস্তবায়নের মাধ্যমে মানসম্মত প্রাণীজ আমিষ উৎপাদন

## সেকশন ২: উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, দাকোপ, খুলনা এর সম্পাদিত বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| দুধ উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি দুধের প্রাপ্যতা | পরিমাণ (মিলি/দিন) | ১৯০ | ২৫০ | ২৫০ | ২৫০ | ২৫০ | বিএলআরআই, মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা | |
| মাংস উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি মাংসের প্রাপ্যতা | পরিমাণ (গ্রাম/দিন) | ১২০ | ১২০ | ১২০ | ১২০ | ১২০ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | |
| ডিম উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি ডিমের প্রাপ্যতা | পরিমাণ (সংখ্যা/বছর) | ১০৪ | ১০৪ | ১০৪ | ১০৪ | ১০৪ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | |

## সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা

### উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, দাকোপ, খুলনা এর কর্মসম্পাদনের ক্ষেত্র (২০২৩-২০২৪)

### [মোট মান-৭০]

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [১] গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২০ | ১.২ কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | [১.২.১] প্রজননের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (লক্ষ) | ১০ | .০৩১৮০ | ০.০৫১৫০ | ০.০৫১৫০ | ০.০৪১৫০ | ০.০৩১৫০ | ০.০২১৫০ | ০.০১১৫০ | ০.০৬১৫০ | ০.০৭১৫০ |
| | | ১.৫ সংকর জাতের গবাদিপশুর বাছুরের তথ্য সংগ্রহ | [১.৫.১] তথ্য সংগৃহীত বাছুর | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (লক্ষ) | ১০ | ০.০১৪৭৫ | ০.০১৪৯৪ | ০.০১৪৯৪ | ০.০১৩৯৪ | ০.০১২৯৪ | ০.০১১৯৪ | ০.০১০৯৪ | ০.০১৫৯৪ | ০.০১৬৯৪ |
| \ [২] গবাদিপশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ২৮ | ২.২ টিকা প্রদান সম্প্রসারণ | [২.২.১] টিকা প্রয়োগকৃত পশুপাখি | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (কোটি) | ৮ | ৪.৮৯ | ৬.৯৬ | ৬.৯৬ | ৬.৮৬ | ৬.৭৬ | ৬.৬৬ | ৬.৪৬ | ৭.০০ | ৮.০০ |
| | | ২.৪ গবাদিপশুর চিকিৎসা প্রদান | [২.৪.১] চিকিৎসাকৃত গবাদিপশু | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (কোটি) | ৪ | .০২৩৭৬০ | ০.০২৯৭১৯ | ০.০২৯৭১৯ | ০.০২৯ | ০.০২৮৭১ | ০.০২৭৭১ | ০.০২৬৭১ | ০.০৩৯ | ০.০৪৯৭১৯ |
| | | ২.৫ হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | [২.৫.১] চিকৎসাকৃত হাঁস-মুরগি | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (কোটি) | ৪ | .০৪৬৬০০ | ২.২৪ | ২.২৪ | ২.১৪ | ২.০৪ | ২.০৪ | ২.০৪ | ৩.৩৪ | ৪.২৪ |
| | | ২.৬ পোষা প্রাণীর চিকিৎসা প্রদান | [২.৬.১] চিকিৎসাকৃত পোষা প্রাণী | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১২ | ১২১ | ১২১ | ১২০ | ১১১০ | ৯০ | ৮০ | ১২৫ | ১৩৫ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১০ | ২.৭ গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | [২.৭.১] প্রেরিত নমুনা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ১০৮ | ১০৭ | ১০৭ | ১০৬ | ১০৪ | ১০৩ | ১০০ | ১১০ | ১১৫ |
| | | ২.৮ গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স | [২.৮.১] পরিচালিত সার্ভিলেন্স | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ১৬ | ২৫ | ২৫ | ২৩ | ২২ | ২০ | ১৬ | ২৮ | ৩২ |
| | | ২.৯ ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপন | [২.৯.১] স্থাপনকৃত ভেটেরিনারি ক্যাম্প | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৭ | ১০ | ১০ | ৯ | ৭ | ৬ | ৪ | ১২ | ১৫ |
| [৩] মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১২ | ৩.১ খামারিদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত খামারি | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (লক্ষ) | ৪ | ০.০০৫৩০ | .০১৩৮০ | .০১৩৮০ | .০১২৮০ | .০১১৮০ | .০১০৮০ | .০০৯৮০ | .০১৫৮০ | .০১৭৮০ |
| | | ৩.২ মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত মাংস প্রক্রিয়াজাতকারী | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ২৫ | ৫১ | ৫১ | ৪৫ | ৪২ | ৪১ | ৩৯ | ৫৫ | ৬০ |
| | | ৩.৩ গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠক আয়োজন | [৩.৩.১] আয়োজিত উঠান বৈঠক | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৪২ | ৪৯ | ৪৯ | ৪৫ | ৪২ | ৩৮ | ৩৬ | ৫২ | ৫৫ |
| | | ৩.৪ স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ | [৩.৪.১] স্থায়ী ঘাস চাষকৃত জমি | ক্রমপুঞ্জিভূত | একর | ৩ | ১১.১০ | ১২.২৫ | ১২.২৫ | ১০.২৫ | ০৯.২৫ | ০৮.২৫ | ০৬.২৫ | ১৫.২৫ | ১৭.২৫ |

## উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, দাকোপ, খুলনা এর কর্মসম্পাদনের ক্ষেত্র (২০২২-২০২৩)..........

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [৪] নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | ১০ | ৪.১ খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন | [৪.১.১] পরিদর্শনকৃত খামার/ফিডমিল/হ্যাচারি | ক্রমপুঞ্জিভুত | সংখ্যা | ৩ | ৯৮ | ১১৩ | ১১৩ | ১১০ | ১০৫ | ১০০ | ৯৫ | ১০৫ | ১১০ |
| | | ৪.২ পোল্ট্রি খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | [৪.২.১] রেজিষ্ট্রিকৃত পোল্ট্রি খামার | ক্রমপুঞ্জিভুত | সংখ্যা | - | ২ | - | ২ | ২ | ২ | ১ | ১ | ২ | ২ |
| | | ৪.৩ গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | [৪.৩.১] রেজিষ্ট্রিকৃত গবাদিপশুর খামার | ক্রমপুঞ্জিভুত | সংখ্যা | ২ | ১৪ | ৪ | ৪ | ৩ | ২ | ২ | ২ | ৪ | ৫ |
| | | ৪.৪ প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন প্রয়োগে মোবাইল কোর্ট বাস্তবায়ন করা | [৪.৪.১] পরিচালিত মোবাইল কোর্ট | ক্রমপুঞ্জিভুত | সংখ্যা | ৩ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |

## উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, তেরখাদা, খুলনা এর
## সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (২০২২-২০২৩)
## [মোট মান-৩০]

| কর্মসম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভুত | প্রাপ্ত নম্বর | ১০ | - | - | | | | | - | - | - |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভুত | প্রাপ্ত নম্বর | ১০ | - | - | | | | | - | - | - |
| | | [১.৩] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] তথ্য অধিকার কর্মপকিল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভুত | প্রাপ্ত নম্বর | ৩ | - | - | | | | | - | - | - |
| | | [১.৪] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভুত | প্রাপ্ত নম্বর | ৪ | - | - | | | | | - | - | - |
| | | [১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] সেব প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকর্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভুত | প্রাপ্ত নম্বর | ৩ | - | - | | | | | - | - | - |

**প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন সম্প্রসারণ কার্যক্রম**

**Annual performance Agreement(APA)-এর চুক্তি**

**অর্থ বৎসর- ২০২৩-২০২৪**

আমি উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দাকোপ, খুলনা। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের জেলা প্রাণিসম্পদ অফিসার, খুলনা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খুলনা। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকাররের উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দাকোপ, খুলনা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করব।

স্বাক্ষরিত-

২১/০৬/২৩

(ডাঃ বঙ্কিম কুমার হালদার)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
দাকোপ, খুলনা।

২১/০৬/২৩
তারিখ

(ডাঃ এস এম আইয়ুব আলী)
জেলা প্রাণিসম্পদ অফিসার
খুলনা।

২১/০৬/২৩
তারিখ

## সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

| শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|
| ইপিবি (EPB) | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (Export Promotion Bureau) |
| এআই (AI) | কৃত্রিম প্রজনন (Artificial Insemination) |
| এনজিও (NGO) | বেসরকারি সংস্থা (Non Government Organization) |
| এমওএফএল (MoFL) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock) |
| এসডিজি (SDG) | টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goal) |
| জিডিপি (GDP) | মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) |
| টিএমআর (TMR) | টোটাল মিক্সড রেশন (Total Mixed Ration) |
| ডিএলএস (DLS) | প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services) |
| বিএলআরআই (BLRI) | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (Bangladesh Livestock Research Institute) |
| বিবিএস (BBS) | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) |

সংযোজনী ২: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, দাকোপ, খুলনা এর

কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্র. নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অণুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. | কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, দাকোপ,খুলনা | জেলা প্রাণিসম্পদ দপ্তর, খুলনা |
| ২. | সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ | তথ্য সংগৃহীত বাছুর | | |
| ৩. | টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখি | | |
| ৪. | গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত গবাদিপশু | | |
| ৫. | হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস-মুরগি | | |
| ৬. | পোষা প্রাণীর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পোষা প্রাণী | | |
| ৭. | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরিত নমুনা | | |
| ৮. | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স | পরিচালিত সার্ভিলেন্স | | |
| ৯. | ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপন | স্থাপনকৃত ভেটেরিনারি ক্যাম্প | | |
| ১০. | খামারিদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত খামারি | | |
| ১১. | মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত মাংস প্রক্রিয়াজাতকারী | | |
| ১২. | গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | | |
| | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ | স্থায়ী ঘাস চাষকৃত জমি | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, দাকোপ, খুলনা। | জেলা প্রাণিসম্পদ দপ্তর, খুলনা |
| ১৪. | খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ফিডমিল/হ্যাচারি | | |
| ১৫. | পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত পোল্ট্রি খামার | | |
| ১৬. | গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত গবাদিপশুর খামার | | |
| ১৭. | প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন প্রয়োগে মোবাইল কোর্ট বাস্তবায়ন | বাস্তবায়িত মোবাইল কোর্ট | | |

সংযোজনী ৩: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর,

দাকোপ, খুলনা এর

অন্য অফিসের সাথে সম্পর্কিত কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সম্পর্কিত | সম্পর্কিত অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন প্রয়োগে মোবাইল কোর্ট বাস্তবায়ন | বাস্তবায়িত মোবাইল কোর্ট | উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, দাকোপ, খুলনা<br>দাকোপ থানা, দাকোপ, খুলনা | মোবাইল কোর্ট বাস্তবায়নে প্রশাসন ও জননিরাপত্তা বিভাগের সক্রিয় সহযোগিতা আবশ্যক। কর্তৃপক্ষের মৌখিক/ লিখিত আবেদনের প্রেক্ষিতে স্থানীয় প্রশাসন নির্ধারিত সময়ে মোবাইল কোর্ট পরিচালনা করে থাকে |